

তথ্য ও সম্প্রচারমন্ত্রীর দপ্তর
ঢাকা

প্রেস রিলিজ

মানুষ ও গাড়ি যারা পোড়ায় রাঞ্জুনিয়ার বুকো তাদের জায়গা হবে না : উপকারভোগী সমাবেশে তথ্যমন্ত্রী

ঢাকা, ২৯ অক্টোবর ২০২৩ : তথ্যমন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'যারা মানুষ ও গাড়ি পোড়ায়, রাঞ্জুনিয়ার বুকো তাদের জায়গা হবে না। রাঞ্জুনিয়ায় তারা যদি নামার চেষ্টা করে, তাহলে আমাদের দল তাদের শায়েস্তা করবে।'

নিজ নির্বাচনী এলাকা চট্টগ্রামের রাঞ্জুনিয়ার বিষয়ে তিনি আরও বলেন, 'ত্রিশ বছরের বঞ্চিত রাঞ্জুনিয়া আজ সমৃদ্ধি অর্জন করেছে। রাঞ্জুনিয়ার এখন ব্যাপক উন্নয়ন হয়েছে। উপজেলার এক প্রান্ত থেকে অপর প্রান্তে যেতে আগে সারাদিন লেগে যেতো। এখন দেড় ঘণ্টায় পুরো রাঞ্জুনিয়ায় ঘোরা যায়। উন্নয়নে পুরো রাঞ্জুনিয়া বদলে গেছে।'

রোববার বিকেলে রাজধানীর মিন্টো রোডের বাসভবন থেকে ভার্চুয়াল উপায়ে চট্টগ্রামের রাঞ্জুনিয়া পৌরসভা ও পৌরসভা আওয়ামী লীগের যৌথ উদ্যোগে রাঞ্জুনিয়া উপজেলা ক্লাব মাঠে আয়োজিত 'উপকারভোগী সমাবেশ ও উন্নয়ন জনসভা'য় যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ সব কথা বলেন। রাঞ্জুনিয়া পৌরসভার মেয়র মো. শাহজাহান সিকদার সভায় সভাপতিত্ব করেন।

বিএনপির তীব্র সমালোচনা করে এ সময় হাছান বলেন, 'বিএনপি-জামায়াত গাড়ি পোড়ায়, মানুষ পোড়ায়। তারা ২০১৩, ১৪ এবং ১৫ সালে যা করেছে, এখন তা আবার নতুন করে শুরু করেছে। আজ একটা বাস পোড়ানোর সময় ভেতরে থাকা বাসের হেল্লারকেও পুড়িয়ে মারা হয়েছে। এসব করে তারা আবার দেশ চালাতে চায়!'

'শনিবার যেভাবে তারা পুলিশের সঙ্গে সংঘর্ষ করেছে, মানুষের গাড়ি পুড়িয়েছে, তা সবাই দেখেছে' উল্লেখ করে তিনি বলেন, একজন পুলিশ সদস্যকে কুপিয়ে মেরে ফেলেছে, তার আট বছরের শিশুকন্যার বিলাপ কান্না যারা দেখেছেন, তারা চোখের পানি ধরে রাখতে পারবেন না।

মানুষের গাড়ি কি দোষ করেছে! প্রশ্ন রেখে তিনি বলেন, একটা গাড়ি পুড়িয়ে দেওয়া মানে একটা পরিবারকে পুড়িয়ে দেওয়ার শামিল।

রাঞ্জুনিয়া পৌর আওয়ামী লীগ সভাপতি আরিফুল ইসলাম চৌধুরী ও সাধারণ সম্পাদক মোহাম্মদ সেলিমের যৌথ সঞ্চালনায় আরও বক্তব্য দেন আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টির সদস্য খালেদ মাহমুদ, উপজেলা আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক এমরুল করিম রাশেদ, পৌর কাউন্সিলর জালাল উদ্দীন, উপজেলা যুবলীগের সভাপতি বদিউল খায়ের লিটন চৌধুরী, সাধারণ সম্পাদক মোহাম্মদ ইউনুচ, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক দিদারুল আলম, উপজেলা ছাত্রলীগের সভাপতি রাসেল রাসু প্রমুখ।

স্বাক্ষরিত/-

মীর আকরাম উদ্দীন আহম্মদ

পরিচালক-জনসংযোগ

nijhum77@yahoo.com

+৮৮ ০১৭৬৩-৭৭০২০৭



রাঞ্জুনিয়ায় উপকারভোগী সভা ও জনসভায় ভার্চুয়ালী যুক্ত হয়ে বক্তব্য দেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি।